মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

নয়াবাজার শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক

মালিকানার সনদপ্রাপ্ত সম্পত্তি নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা- এর খেলাপী ঋণগ্রহীতা- আভা রিনিউয়েবল এনার্জি লিমিটেড এর প্রতিনিধিত্বে ব্যবস্থাপনা পরিচালক এম বদরুল আহসান, পিতা: মৃত এম এ রউফ, ব্যবসায়িক ঠিকানা- রোজি ভিলা, শিমুলতলা, জামগড়া, আশুলিয়া, ঢাকা এবং কর্পোরেট অফিস ঠিকানা -বাড়ি নং: ৩৬৪ (থার্ড ফ্লোর), রোড নং: ২৭, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬, এর নিকট প্রাপ্য অর্থ আদায়ের লক্ষ্যে ব্যাংক কর্তৃক বিজ্ঞ ১ম যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, গাজীপুর বরাবর দায়েরকৃত অর্থজারী মামলা নং-১৩/২০২২ (অর্থঋণ মোকর্দ্দমা নং-৩৮৮/২০২০ হতে উদ্ভূত) মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক গত ১২/১১/২০২৫ ইং তারিখে ডিক্রীদার ব্যাংকের অনুকূলে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক ইস্যুকৃত মালিকানার সার্টিফিকেটের মাধ্যমে নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তির মালিকানা স্বত্ব ব্যাংকের বরাবরে ন্যস্ত হয়। উক্ত সম্পত্তি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাগণ হতে নিম্নবর্ণিত শর্তাধীনে তফসিলভুক্ত সম্পত্তি ও তদর্হিত যাবতীয় নির্মাণাদি (আনুমানিক ১১০০০ স্ক্যয়ার ফিট ফ্যাক্টরি সেড- বর্তমানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১২/১১/২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তার/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংকে ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., নয়াবাজার শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহবান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের আগে প্রয়োজনে ব্যাংকে রক্ষিত তফসিলোক্ত সম্পত্তির দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র গৃহীত হইবার পরে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য নহে।

৬. দরপত্র জমা দেয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, পরিমাণ, প্রকৃতি, অবস্থা, অবস্থান, স্বত্ব ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭. সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির মূল্য সংযোজন কর (VAT), ট্যাক্স ও উৎসে কর-সহ যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

৮. তফসিলভুক্ত সম্পত্তি নামজারী করতে প্রয়োজনীয় খরচাদি সফল দরদাতা/ক্রেতাকে বহন করতে হবে।

৯. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, তিতাস, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।

১০. সফল দরদাতাকে বিধি মোতাবেক তফসিলভুক্ত জমির দখল বুঝাইয়া দেওয়া হবে।

১১. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করতে পারবেন।

ব্যাংকের অনুকূলে মালিকানার সনদপ্রাপ্ত সম্পত্তির তফসীলঃ

জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস: গাজীপুর সদর, মৌজাঃ সারাব, জে এল নং-সিএস ও এসএ- ৫১৯, আরএস- ৩৪, সিএস খতিয়ান নং-০৯, এসএ খতিয়ান নং-১৬, আরএস খতিয়ান নং-৩৮; মিউটেশন খতিয়ান নং- ৩৮, সিএস ও এসএ দাগ নং: ১৩৪, আরএস- ১৭৫ ও ১৯০ উক্ত দাগসমূহে মোট (১৩.০০ + ২০.০০) = ৩৩.০০ শতাংশ জমি।
চৌহদ্দিঃ উত্তরেঃ আবুল বাশার সেওয়ান, দক্ষিণেঃ অহেদ আলী ও গং, পূর্বেঃ পাকা রাস্তা, পশ্চিমেঃ কফিল উদ্দিন।

পক্ষে: ভিপি এবং শাখাপ্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা।
মোবাইলঃ ০১৭১১-৫৩৫৯৫৬